

## ফতওয়া নং ৩১১

### প্রশ্ন:

ব্যাংকে চাকরি করাটা কি জায়েজ হবে নাকি হারাম হবে না চাকরি করা চলবে

### উত্তর :

যেমনিভাবে সুদ হারাম বা নাজায়েয হওয়ার কারণে ইসলাম তার অনুমোদন দেয় না, তেমনভাবে সুদভিত্তিক কোনো লেনদেনে জড়িত হওয়া বা এ কাজে সাহায্য- সহযোগিতা করাও জায়েয নয়। সুতরাং যে সকল ব্যাংকে বা প্রতিষ্ঠানে সুদি কাজ কারবার হয়, সে সব ব্যাংক বা প্রতিষ্ঠানে চাকরি করা জায়েয নেই। (ফাতওয়া উসমানী ৩/৩৯৬, তাকমিলাতু ফাতহিল মুলহিম ১/৬১৯)

আল্লাহ্ পাক ইরশাদ করেনঃ “সৎকর্ম ও তাকওয়ায় তোমরা পরস্পরের সহযোগিতা কর। মন্দকর্ম ও সীমালঙ্ঘনে পরস্পরের সহযোগিতা করো না। আর আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ আযাব প্রদানে কঠোর।”

জাবির (রাঃ) থেকে বর্ণিতঃ

তিনি বলেন, “রসূলুল্লাহ (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) লানত করেছেন সুদখোরের উপর, সুদদাতার উপর, এর লেখকের উপর ও তার সাক্ষী দু'জনের উপর এবং বলেছেন এরা সবাই সমান।” (সহিহ মুসলিম, হাদিস নং ৩৯৮৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
০৭ রমাযান, ১৪৪৫ হিজরী (18/03/2024)